

U.G. 2nd Semester Examination - 2021**BENGALI
[HONOURS]****Course Code : BBNGGEHT5A****Course Title : আধুনিক বাংলা সাহিত্যের নির্বাচিত পাঠ**

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ১ = ১০$
- ক) ‘মেঘনাদবধ’ কাব্যের প্রথম সর্গের নাম কী?
- খ) “গজপৃষ্ঠে দেখ ওই কালনেমি” - ‘কালনেমি’ কে?
- গ) ‘মেঘনাদবধ’ কাব্যটির শুরুতে কবি কার বন্দনা করেছেন?
- ঘ) “প্রমোদ উদ্যানে কাঁদে দানব নন্দিনী” — দানব নন্দিনী কে?
- ঙ) ‘কপালকুণ্ডলা’ উপন্যাসটি কাকে উৎসর্গ করা হয়েছে?
- চ) কপালকুণ্ডলা চরিত্রে পাশ্চাত্যের কোন্ নায়িকার প্রভাব আছে?
- ছ) “পথিক তুমি পথ হারাইয়াছ?” — কে কাকে একথা বলেছে?
- জ) “দিল্লীশ্বরকে কে দমন করবে” — কার উক্তি? দিল্লীশ্বর কে?

- বা) ‘সমুদ্রের প্রতি’ কবিতাটি রবীন্দ্রনাথ কোথাকার সমুদ্র দেখে লেখেন?
- এ) ‘সোনার তরী’ কবিতাটির তীব্র সমালোচনা করেছিলেন এমন একজন সমালোচকের নাম লেখো।
- ট) ‘যেতে নাহি দিব’ কবিতাটির রচনাকাল লেখো।
- ঠ) ‘জনা নাটকটি প্রথম কোথায় অভিনীত হয়?
- ড) “মরি কিংবা মারি,
মিটুক সমর বাঞ্জা মোর” — কার উক্তি?
- ঢ) ‘জনা’ নাটকের প্রথম সংলাপটি কার?
- ণ) রাজা নীলধ্বজের পুত্র ও কন্যার নাম লেখো।
- ২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৫ = ১০$
- ক) “নাদিলা কর্বুরদল হেরি বীরবরে / মহাগর্বে।” — ‘কর্বুরদল’ শব্দের অর্থ কী?
- খ) “কেমনে পশিবে / লক্ষাপুরে আজি তুমি?” — কে কেন একথা বলেছেন?
- গ) বঙ্কিমচন্দ্রের মনে কখন কোথায় কপালকুণ্ডলা কাহিনী অঙ্কুরিত হয়?
- ঘ) যাত্রীবাহী নৌকা মহাসমুদ্রে এসে পড়লে কে একমাত্র কাঁদেনি এবং কেন সে কাঁদেনি?
- ঙ) ‘যেতে নাহি দিব’ কবিতায় কথকের স্ত্রী কথককে কর্মস্থানে যাওয়ার সময় কী কী বেঁধে দিয়েছিল?

- চ) “হে আদি জননী সিদ্ধু” — রবীন্দ্রনাথ সমুদ্রকে ‘আদি জননী’ বলেছেন কেন?
- ছ) “নীলধ্বজ রাজার তনয় ধরেছে যজ্ঞের বাজী?” — একথা কে বলেছেন? ‘যজ্ঞের বাজী’ বলতে এখানে কী বোঝানো হয়েছে?
- জ) ‘জনা’ নাটকে কয়টি অঙ্ক ও কয়টি গর্ভাঙ্ক আছে?
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$
- ক) “হায় নাথ, নিজ কর্মফলে
মজালে রাক্ষস কুল, মজিলা আপনি”- প্রসঙ্গ নির্দেশ করে
বক্তার চরিত্রের কোন্ দিক প্রকাশিত হয়েছে তা আলোচনা
করো।
- খ) ‘কপালকুণ্ডলা’ উপন্যাসের ঐতিহাসিক পটভূমির সংক্ষিপ্ত
পরিচয় দাও।
- গ) ‘সোনার তরী’ কবিতাটি রূপকধর্মী — সংক্ষেপে বিষয়টি
বুঝিয়ে দাও।
- ৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ১ = ১০$
- ক) বিশ্বের সঙ্গে একাত্মবোধ এবং বিশ্বসৌন্দর্য ও রহস্যের সুতীব্র
অনুভূতি ‘মানসসুন্দরী’ কবিতায় কতখানি প্রকাশিত হয়েছে
তার পরিচয় দাও।
- খ) ‘মেঘনাদবধ’ কাব্যের প্রথম সর্গে রাবণ চরিত্রের যে বৈশিষ্ট্য
ফুটে উঠেছে তা আলোচনা করো।
- গ) ট্র্যাজেডি হিসাবে ‘জনা’ নাটকের সার্থকতা বিচার করো।